গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি, শের-ই-বাংলা নগর,
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৫.৫৩.০০০০.০১৪.১৬.৩১৫.২৩.২৫০

বিষয়: **বাংলাদেশ বেতারের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ ও প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বেতারের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ এবং সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: যথাবর্ণিত।

১৫-১০-২০২৩
নাসরুল্লাহ মোঃ ইরফান
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
৪৪৮১৩০৬২ (ফোন)
৪৪৮১৩০৬৩ (ফ্যাক্স)
dg@betar.gov.bd

সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


তারিখ: ৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:**

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

১। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৫-১০-২০২৩
মোঃ আল আমিন খান
অতিরিক্ত পরিচালক



# বার্ষিক প্রতিবেদন
# ২০২২-২০২৩

**বাংলাদেশ বেতার**

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# বার্ষিক প্রতিবেদন

# ২০২২-২০২৩

## বাংলাদেশ বেতার

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# মুখবন্ধ

দেশ ও দেশের বাইরে সরকারের নীতি ও লক্ষ্য তুলে ধরে বিনোদনের পাশাপাশি জনগণকে তথ্যসেবা প্রদান করাই বাংলাদেশ বেতারের মূল উদ্দেশ্য। ১৯৩৯ সালের ১৬ই ডিসেম্বর যাত্রা শুরু করার পর থেকে বেতার মানুষের অধিকার আদায়ের আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে স্বাধীন বাংলা বেতারে কেন্দ্রের ভূমিকা বাংলাদেশের ইতিহাসে লেখা রয়েছে স্বর্ণাক্ষরে। দেশের সর্ববৃহৎ গণমাধ্যম হিসেবে বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বেতারের ভূমিকা অনস্বীকার্য। জনগণের জীবনমানের উন্নয়ন, দারিদ্র বিমোচন, কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, সামাজিক নিরাপত্তা, নারীর ক্ষমতায়নসহ বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ক অনুষ্ঠান, সরকারের দিক-নির্দেশনা ও উন্নয়নমূলক কর্মকান্ডের তথ্য, প্রাকৃতিক দুর্যোগকালীন প্রস্তুতি ও করণীয় বিষয়ক সংবাদ ও বার্তা বাংলাদেশ বেতারের মাধ্যমে মুহূর্তেই পৌঁছে যায় শ্রোতাদের কাছে।

দেশে ও বিদেশে কোটি কোটি শ্রোতার চাহিদার সঙ্গে মিল রেখে বেতারের ১৪টি আঞ্চলিক কেন্দ্র ও ৭টি বিশেষায়িত ইউনিট থেকে দৈনিক ৫০০ ঘন্টারও বেশী সময়ব্যাপী অনুষ্ঠান ও সংবাদ প্রচারিত হয়ে থাকে। বিনোদনের পাশাপাশি কৃষি, শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি, জনসংখ্যা নিয়ন্ত্রণ, দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সরকারের গৃহীত নানা উদ্যোগ বিষয়ক অনুষ্ঠান প্রচারিত হয়। জনসাধারণের বিনোদনের জন্য বাংলাদেশ বেতার নিয়মিত খেলা, সঙ্গীত ও নাটক সম্প্রচার করে থাকে। এছাড়াও, অনুষ্ঠান ও সংবাদ সম্প্রচারের মাধ্যমে রূপকল্প ২০৪১-এর স্মার্ট বাংলাদেশ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার, মেগা প্রকল্পসমূহ, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও ডেল্টা প্ল্যান বাস্তবায়নে অগ্রণী ভূমিকা রাখছে বাংলাদেশ বেতার ।

প্রযুক্তির ক্রমবিকাশের সাথে সাথে জনগণের চাহিদার কথা বিবেচনায় নিয়ে বাংলাদেশ বেতারও আধুনিক ও প্রযুক্তি নির্ভর স্মার্ট সম্প্রচারের দিকে এগিয়ে চলেছে প্রতিনিয়ত। বাংলাদেশ বেতারের সকল অনুষ্ঠান ও সংবাদ ওয়েবসাইটের মাধ্যমে লাইভ স্ট্রিমিং, ফেসবুক পেইজ ও ইউটিউব চ্যানেলে অনুষ্ঠান প্রচার এবং মোবাইলে "বাংলাদেশ বেতার" এ্যাপস ব্যবহার বাংলাদেশ বেতারের সম্প্রচারে নতুন যুগের সূচনা করেছে। নিউ মিডিয়ার সঠিক ব্যবহার আগামী দিনগুলোতে বাংলাদেশ বেতারকে শ্রোতাদের আরো কাছে নিয়ে যেতে সক্ষম হবে।

২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশ বেতারের বিভিন্ন কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ সংকলিত করে বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩ প্রকাশ করা হলো। এ প্রতিবেদন থেকে বাংলাদেশ বেতারের গত অর্থবছরের কার্যাবলি সম্পর্কে ধারণা পাওয়া যাবে এবং আগামী বছরগুলোতে কর্মপরিকল্পনা প্রণয়নে এটি সহায়ক ভূমিকা পালন করবে।

পরিশেষে, বিদ্যমান চ্যালেঞ্জসমূহ মোকাবেলার মাধ্যমে দেশের সর্ববৃহৎ গণমাধ্যম হিসেবে বাংলাদেশ বেতারের ভূমিকা উজ্জল থেকে উজ্জ্বলতর করতে আমাদের প্রানপণ চেষ্টা অব্যাহত থাকবে এই প্রত্যয় সর্বদাই বিদ্যমান।

নাসরুল্লাহ মোঃ ইরফান
মহাপরিচালক
বাংলঅদেশ বেতার

# সূচিপত্র


| ক্র. নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | মুখবন্ধ | ২ |
| | বাংলাদেশ বেতারের রূপকল্প, অভিলক্ষ্য ও কার্যাবলি | ৪ |
| ০১. | প্রতিষ্ঠানিক ও সাংগঠনিক তথ্যাবলী | ৫-৭ |
| | সাংগঠনিক কাঠামো | ৬ |
| | বাংলাদেশ বেতারের শাখাসমূহ | ৭ |
| ০২. | সাম্প্রতিক সময়ে বাংলাদেশ বেতারের প্রধান অর্জনসমূহ | ৯ |
| ০৩. | ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ বেতার কর্তৃক গৃহীত কর্মকান্ড | ১১-১৭ |
| | অনুষ্ঠান শাখা কর্তৃক গৃহীত কর্মকান্ড | ১১ |
| | প্রকৌশল শাখা কর্তৃক গৃহীত কর্মকান্ড | ১৪ |
| | বার্তা শাখা কর্তৃক গৃহীত কর্মকান্ড | ১৪ |
| | প্রশাসনিক কাযক্রমের প্রতিবেদন | ১৫ |
| ০৪. | জনজীবনে বাংলাদেশ বেতারের গুরুত্ব | ১৮ |
| ০৫. | গৃহীত পদক্ষেপ ও কর্মকান্ডের ফলে জনজীবনে সৃষ্ট প্রভাব বা ফলাফল | ১৯-২৫ |
| ০৬. | বিশেষ গুরুত্বপূর্ণ কাজের স্বীকৃতি স্বরূপ প্রাপ্ত পুরস্কার | ২৬ |
| ০৭. | উপসংহার | ২৯ |
| ০৮. | পরিশিষ্ট ক: ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন প্রতিবেদন<br>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর বাস্তবায়ন প্রতিবেদন<br>শুদ্ধাচার  কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন<br>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন<br>অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা  বাস্তবায়ন প্রতিবেদন<br>সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন<br>তথ্য অধিকার আইন বাস্তবায়ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন | ৩০-৫১ |
| | পরিশিষ্ট খ: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সাথে বাংলাদেশ বেতারের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ | ৫২-৫৭ |
| | পরিশিষ্ট গ: বাংলাদেশ বেতারের হালনাগাদকৃত সেবাপ্রদান প্রতিশ্রুতি | ৫৮-৬৮ |

# বাংলাদেশ বেতার-এর রূপকল্প, অভিলক্ষ্য এবং কার্যাবলি

## রূপকল্প

সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড, জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি তুলে ধরে বিনোদনের পাশাপাশি জনগণকে তথ্য ও শিক্ষা প্রদান।

## অভিলক্ষ্য

সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড, জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি এবং জনকল্যাণমূলক তথ্য গণমাধ্যমের সহায়তায় জনগণকে অবহিত, সচেতন, সম্পৃক্ত ও উদ্বুদ্ধকরণ এবং জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণ।

## বাংলাদেশ বেতারের কার্যাবলি

সরকারের অভ্যন্তরীণ ও বহি:প্রচার নীতি প্রণয়ন ও বাস্তবায়ন, **সরকারের নীতি, কার্যক্রম ও উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে শ্রোতাদের অবহিতকরণ**; **জাতীয় উন্নয়ন কার্যক্রম ত্বরান্বিত করতে জনসাধারণকে উদ্বুদ্ধকরণ**; **জনগণকে সরকারের নীতি ও উন্নয়ন কার্যক্রমে সম্পৃক্তকরণ**; **সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে শ্রোতাদের বস্তুনিষ্ঠ তথ্য প্রদান**; **জনসাধারণের সচেতনতা বৃদ্ধিকরণ**; **জনগণের জীবনমান উন্নীতকরণে ভূমিকা পালন**; **শিক্ষা দান**; **এবং** বাংলাদেশের ইতিহাস-ঐতিহ্য, ভাষা-সাহিত্য, আবহমান সংস্কৃতি এবং কৃষ্টির লালন ও বিকাশের জন্য অনুষ্ঠান নির্মাণ ও প্রচার; এবং **বিনোদনমূলক অনুষ্ঠান প্রচার।**





**চিত্র: আগারগাঁওস্থ বাংলাদেশ বেতার ভবন**

## ১। প্রাতিষ্ঠানিক ও সাংগঠনিক তথ্যাবলী

বাংলাদেশ ভূখন্ডে প্রথম বেতার সম্প্রচার শুরু হয় ১৯৩৯ সালের ১৬ ডিসেম্বর। ঢাকার নাজিমুদ্দিন রোডে একটি ভাড়া বাড়িতে (বর্তমানে বোরহান উদ্দিন কলেজ) দুটি স্টুডিও নিয়ে এর যাত্রা শুরু হয়। প্রথম নামকরণ করা হয় "ঢাকা ধ্বনি বিস্তার কেন্দ্র"। পরবর্তীতে ১৯৬০ সালের ৮ই ফেব্রুয়ারি বেতার ভবন স্থানান্তরিত হয় ঢাকার শাহবাগে। দেশ ও জনগণের স্বার্থে ১৯৭১ সালের ২৬ মার্চ বঙ্গবন্ধুর স্বাধীনতার ঘোষণা প্রচারের মাধ্যমে প্রতিষ্ঠিত হয় স্বাধীন বাংলা বেতার কেন্দ্র, মহান মুক্তিযুদ্ধকালে যা অত্যন্ত সহায়ক ও স্বার্থক ভূমিকা পালন করে মুক্তিযুদ্ধের দ্বিতীয় ফ্রন্ট হিসেবেও পরিচিত ছিল। স্বাধীন বাংলাদেশে ১৯৭১ সালের ২২ ডিসেম্বর বাংলাদেশ বেতারের যাত্রা শুরু হয়। সেই থেকে স্বাধীনতা পরবর্তী বঙ্গবন্ধুর নেতৃত্বে বাংলাদেশ বিনির্মাণে প্রারম্ভিক সময়ে বাংলাদেশ বেতার হয়ে উঠে সদ্য স্বাধীন দেশের জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য তথ্য ও বিনোদন প্রাপ্তির এক পরম নির্ভরতার স্থল। আবহমান বাংলার ইতিহাস-ঐতিহ্য, কৃষ্টি, সংস্কৃতির লালন ও বিকাশ এবং দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে শিল্পী-কলাকুশলী অন্বেষণে বাংলাদেশ বেতারের ভূমিকা ছিল অনস্বীকার্য।


১৯৮৩ সালের ৩০ শে জুলাই ঢাকাস্থ শের-ই-বাংলা নগরে বর্তমান অত্যাধুনিক পূর্ণাঙ্গ জাতীয় বেতার ভবন স্থাপিত হয় এবং শাহবাগের সাবেক প্রচারভবনটি বাংলাদেশ বেতারের সদর দপ্তরে হিসাবে ব্যবহৃত হয়। ২০১৭ সালে বাংলাদেশ বেতারের সদর দপ্তর শাহবাগ থেকে শের-ই-বাংলা নগরে স্থানান্তরিত হয়।

বাংলাদেশের মুক্তিযুদ্ধে স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের অবদান ইতিহাসে অবিস্মরণীয়। ১৯৭১ সালে এ বেতারের বহুমাত্রিক ভূমিকা যেমন আলোড়ন তুলেছিল, তেমনি এর খবর ও অনুষ্ঠান কোনো কোনো ক্ষেত্রে শাণিত যুদ্ধাস্ত্রের চেয়ে শক্তিশালী হিসেবে কাজ করেছিল। মহান মুক্তিযুদ্ধে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ ২০০৬ সালে বাংলাদেশ বেতার স্বাধীনতা পদকে ভূষিত হয়।

প্রতিষ্ঠার শুরুতে বেতার ঢাকার আশেপাশের শতকরা ৮ ভাগ এলাকায় জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিত। কালের পরিক্রমায় বর্তমানে বেতার ভৌগোলিক হিসেবে দেশব্যাপী শতকরা প্রায় ৯৮ ভাগ এলাকায় মানুষকে বিনোদন ও তথ্য সেবা দিয়ে যাচ্ছে। এছাড়াও, দেশের সীমানা পেরিয়ে বাংলাদেশ বেতার বাংলার পাশাপাশি ৪ (চার)টি বিদেশি ভাষার অনুষ্ঠান পৌঁছে দিচ্ছে এশিয়া, মধ্যপ্রাচ্য ও ইউরোপের বিভিন্ন ভাষাভাষি জনগোষ্ঠির নিকট। বর্তমানে দেশের সর্ববৃহৎ ইলেকট্রনিক গণমাধ্যম বাংলাদেশ বেতার ১৪টি আঞ্চলিক কেন্দ্র ও ৭টি ইউনিট হতে ১৬টি মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার, ২টি ক্ষুদ্র তরঙ্গ ট্রান্সমিটার ও ৩৪টি এফএম ট্রান্সমিটারের মাধ্যমে দৈনিক ৪৯৭ ঘণ্টা ৩০ মিনিট অনুষ্ঠান সম্প্রচার করে। **বর্তমানে আঞ্চলিক কেন্দ্র ও ইউনিটসমূহের মধ্যম তরঙ্গ (এ.এম) ও এফ.এম তরঙ্গের পাশাপশি বাংলাদেশ বেতারের মোট ৩০টি চ্যানেলের অনুষ্ঠান ওয়েবসাইট** (www.betar.gov.bd) **এবং ''বাংলাদেশ বেতার'' মোবাইল** Apps-**এর মাধ্যমে সম্প্রচারিত হচ্ছে।** সরকারের প্রেক্ষিত পরিকল্পনাসমূহ, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প-২০৪১, ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ উদ্যোগ, সরকারের মেগা প্রজেক্ট ও উন্নয়নমূলক কর্মকান্ড বাস্তবায়ন বিষয়ক, বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ; কৃষি, খাদ্য নিরাপত্তা ও নিরাপদ খাদ্য; জনসংখ্যা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ; পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা; শিল্প ও অর্থনীতি; শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, নারী ও শিশু; তথ্য অধিকার আইন ও সমসাময়িক বিষয়ে অনুষ্ঠান, বিনোদনমূলক নাটক ও গান এবং সংবাদ প্রচারের মাধ্যমে জনগণের তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিত করতে ও জনসচেতনতা বৃদ্ধিতে সর্বদা সচেষ্ট রয়েছে বাংলাদেশ বেতার। মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর কর্মসূচী, সংসদ অধিবেশন, রাষ্ট্রীয় ও জাতীয় অনুষ্ঠান, জাতীয় ও আন্তর্জাতিক খেলা সরাসরি সম্প্রচার এবং কমিউনিটি ও বেসরকারী রেডিওকে উন্নয়ন ও জনসচেতনতামূলক অনুষ্ঠান সরবরাহ করে তৃণমূল পর্যায়ে সরকারের উন্নয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করছে দেশের একমাত্র সরকারি অডিও সম্প্রচার মাধ্যম বাংলাদেশ বেতার।

## ২। বাংলাদেশ বেতারের সাংগঠনিক কাঠামো

বেতারের প্রশাসনিক প্রধান মহাপরিচালক। তাঁর অধীনে বাংলাদেশ বেতারের সামগ্রিক কার্যক্রম অনুষ্ঠান, বার্তা, প্রকৌশল এবং প্রশাসন ও অর্থ- এই চারটি শাখার সমন্বয়ে পরিচালিত হয়। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), প্রধান প্রকৌশলী ও পরিচালক (প্রশাসন ও অর্থ) যথাক্রমে এই চারটি শাখার প্রধান হিসেবে বেতারের কার্যক্রম পরিচালনা করেন।



## ২.১। বাংলাদেশ বেতারের শাখাসমূহ

- **অনুষ্ঠান শাখা**

ঢাকার শেরে বাংলা নগরে জাতীয় বেতার ভবনে বাংলাদেশ বেতার ঢাকার ক, খ ও গ চ্যানেল এবং এফ.এম এর অনুষ্ঠান নির্মাণের পাশাপাশি ১৪টি আঞ্চলিক কেন্দ্র ও ৬টি বিশেষায়িত ইউনিট নিয়ে বাংলাদেশ বেতারের অনুষ্ঠান শাখার কার্যক্রম পরিচালিত হচ্ছে। বাণিজ্যিক সার্ভিস বিনোদনমূলক অনুষ্ঠান প্রচারের পাশাপাশি বিজ্ঞাপন প্রচারের মাধ্যমে সরকারের রাজস্ব আয় করে থাকে। কৃষি সার্ভিস দপ্তর, ট্রান্সক্রিপশন সার্ভিস এবং সরকারের উন্নয়ন বাজেটের আওতায় জনসংখ্যা স্বাস্থ্য ও পুষ্টি সেল জনকল্যাণমূলক কার্যক্রম চালিয়ে আসছে। বাংলাদেশ বেতারের জনপ্রিয় চ্যানেল ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ঢাকার যানজট নিরসনে ট্রাফিক আপডেট, তথ্য প্রদান ও শ্রোতাদের পছন্দের গান প্রচার করে থাকে। এছাড়া, বহির্বিশ্ব সার্ভিস বাংলার পাশাপাশি সার্কভূক্ত দক্ষিণ এশিয়া, মধ্যপ্রাচ্য ও ইউরোপের জন্য ৪ (চার)টি বিদেশি (ইংরেজি, হিন্দি, নেপালী ও আরবী) ভাষায় অনুষ্ঠান প্রচার করে। ঢাকা ও আঞ্চলিক কেন্দ্রগুলোতে এ.এমের পাশাপাশি এফ.এমের নিজস্ব অনুষ্ঠান প্রচারিত হয়। বর্তমানে বিবিসি ও এনএইচকে-এর বাংলা অনুষ্ঠানও বাংলাদেশ বেতার থেকে সম্প্রচারিত হচ্ছে।

- **বার্তা শাখা**

ঢাকার শেরে বাংলা নগরে কেন্দ্রীয় বার্তা সংস্থা ও মনিটরিং পরিদপ্তর এবং ১৩টি আঞ্চলিক বার্তা সংস্থা নিয়ে গঠিত বাংলাদেশ বেতারের বার্তা শাখা। দেশ-বিদেশের সর্বশেষ ঘটনাবলী নিয়ে ভোর ৫.০০টা থেকে মধ্যরাত অবধি নিরবচ্ছিন্নভাবে সংবাদ বুলেটিন তৈরি ও প্রচার করে এ শাখা। নগর, গ্রাম এবং প্রত্যন্ত জনপদের মানুষের কাছে বাংলাদেশ বেতার প্রতি ঘন্টায় পৌঁছে দেয় সংবাদ। বাংলাদেশ বেতার হতে প্রতিদিন বাংলা ও ইংরেজী ভাষাসহ বিভিন্ন ভাষায় মোট ৮২টি সংবাদ বুলেটিন, সংবাদ পর্যালোচনা ও সংবাদ পরিক্রমা প্রচারিত হয়। ২০০৩-২০০৪ অর্থবছরে কেন্দ্রীয় বার্তা সংস্থার নিজস্ব উদ্যোগে সংবাদে স্পট রিপোর্টিংসহ ভয়েস কাস্ট চালু করা হয়েছে। এতে বেতারের সংবাদের গুণগতমান, আকর্ষণ, বস্তুনিষ্ঠতা, গতিশীলতা ও গ্রহণযোগ্যতা বৃদ্ধি পেয়েছে। ভোর ৪.০০টা থেকে রাত ১২.৩০ মিনিট পর্যন্ত প্রতিদিন এ সংস্থার কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। এমনকি, বন্যা ও ঝড়-ঝঞ্চার মত প্রাকৃতিক দুর্যোগের সময় বিশেষ বুলেটিন প্রচারসহ সরকারি ছুটির দিনেও কার্যক্রম অব্যাহত থাকে। অত্র সংস্থা থেকে দৈনিক সর্বমোট ৪৩০ মিনিট সংবাদ প্রচারিত হয়।

- **প্রকৌশল শাখা**

দেশের একমাত্র সরকারি ইলেকট্রনিক গণমাধ্যম বাংলাদেশ বেতারের সকল অনুষ্ঠান জনসাধারণের কাছে নির্বিঘ্নে পৌঁছে দিতে নিয়োজিত রয়েছে প্রকৌশল শাখা। দেশব্যাপী বাংলাদেশ বেতারের ১টি ১০০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ প্রেরণ যন্ত্র, ৪টি ১০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ প্রেরণ যন্ত্র, ১টি ২০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ প্রেরণ যন্ত্র, ৮টি ১০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ প্রেরণ যন্ত্র, ২টি ২৫০ কিলোওয়াট ক্ষুদ্র তরঙ্গ প্রেরণ যন্ত্র, ১টি ১০০ কিলোওয়াট ক্ষুদ্র তরঙ্গ প্রেরণ যন্ত্র রয়েছে। সময়ের চাহিদার প্রেক্ষিতে মিডিয়াম ওয়েভ প্রেরণ যন্ত্রের পাশাপাশি ঢাকায় ২টি ও ঢাকার বাইরে ১৩টি আঞ্চলিক কেন্দ্রে এফ.এম প্রেরণ যন্ত্র স্থাপিত হয়েছে। এছাড়াও যুগের চাহিদা বিবেচনা করে বংগবন্ধু স্যাটেলাইটের মাধ্যমে বাংলাদেশ বেতারের ঢাকা ও চট্টগ্রাম থেকে সম্প্রচারিত জাতীয় অনুষ্ঠান, সংবাদ ও খেলাধুলার ধারাবিবরণী স্যাটেলাইটের মাধ্যমে Uplink করা হয় এবং প্রতিটি কেন্দ্র থেকে সে অনুষ্ঠান Down-link করে

সম্প্রচার করা হয়। বাংলাদেশ বেতারের ওয়েবসাইট www.betar.gov.bd এ বিভিন্ন কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও এফ এম ব্র্যান্ডের অনুষ্ঠান Live streaming চালু রয়েছে। বর্তমানে আঞ্চলিক কেন্দ্র ও ইউনিটসমূহের মধ্যম তরঙ্গ (এ.এম) ও এফ.এম তরঙ্গের মোট ৩০টি চ্যানেলের অনুষ্ঠান "বাংলাদেশ বেতার" মোবাইল Apps এর মাধ্যমে সম্প্রচারিত হচ্ছে। মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ বিশেষ কর্মসূচী ও বিভিন্ন জনগুরুত্বপূর্ণ অনুষ্ঠান, সংসদ অধিবেশন এবং খেলা অনুষ্ঠানস্থল থেকে সরাসরি সম্প্রচার করার জন্য ঢাকা ও সিলেটে ২টি আধুনিক Digital Satellite News Gathering (DSNG) ভ্যান সংযোজন করা হয়েছে। মাইক্রোফোন থেকে শ্রোতা সাধারণের রেডিও রিসিভার পর্যন্ত পৌঁছে দিতে সকল যন্ত্রপাতির সুষ্ঠু রক্ষণাবেক্ষণ ও পরিচালনা নিশ্চিত করে সম্প্রচার কার্যক্রম সচল রাখাই প্রকৌশল শাখার কাজ। বাংলাদেশ বেতারের ৭টি প্রেরণ কেন্দ্র, ১৫টি সম্প্রচার ভবন, ট্রান্সক্রিপশন সার্ভিস, সংরক্ষণ অনুবিভাগ, মনিটরিং পরিদপ্তর, পরিকল্পনা শাখা, গবেষণা ও গ্রহণ কেন্দ্র ও কারিগরী কার্যের মাধ্যমে বেতার প্রকৌশল কর্মকান্ডের সার্বিক পরিকল্পনা, উন্নয়ন, বাস্তবায়ন, সংরক্ষণ, গবেষণা, প্রেরণ ও গ্রহণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

## প্রশাসন ও অর্থ শাখা

বেতারের কেন্দ্রীয় প্রশাসনিক ও আর্থিক কর্মকান্ড পরিচালনার জন্য নিয়োজিত রয়েছে এই শাখা। সদর দপ্তর হতে প্রশাসন ও অর্থ বিভাগের কার্যক্রম পরিচালিত হয়। পরিচালক (প্রশাসন/ অর্থ)-এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে সংস্থাপন-১/২, হিসাব ও বাজেট, কমন, যানবাহন এবং নিরাপত্তা শাখা দায়িত্ব পালন করে থাকে।




বিশ্ব বেতার দিবস ২০২৩ উপলক্ষ্যে বাংলাদেশ বেতার আয়োজিত র‍্যালি

## ৩। সাম্প্রতিক সময়ে বাংলাদেশ বেতারের প্রধান অর্জনসমূহ

### ৩.১। "মুজিব বর্ষ" এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে "মুজিব বর্ষ" এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন কল্পে বাংলাদেশ বেতার থেকে প্রচার করা হয়েছে বছরব্যাপী নানা অনুষ্ঠানমালা। এর মধ্যে উল্লেখযোগ্য হলো: বঙ্গবন্ধুর জীবন ও কর্ম বিষয়ে আমাদের বঙ্গবন্ধু, ৭৫' পরবর্তী অবৈধ সরকার, স্বপ্নদ্রষ্টা বঙ্গবন্ধু, জাতির পিতা বঙ্গবন্ধু, কবিতায় বঙ্গবন্ধু, মৃত্যুঞ্জয়ী মুজিব, কেমন দেখেছি তাঁরে, তিনি আমাদেরই লোক, আমাদের মহানায়ক, বজ্রকণ্ঠ, তরুন প্রজন্মের চোখে বঙ্গবন্ধু ইত্যাদি এবং মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বিষয়ক অনুষ্ঠান মননে মুক্তিযুদ্ধ, চেতনায় মুক্তিযুদ্ধ, মুক্তিযুদ্ধ আমাদের অহংকার, যুদ্ধাপরাধীদের বিচার ইত্যাদি।

### ৩.২। রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক সম্মাননা ও পুরস্কার

বাংলাদেশ বেতারের অর্জনের তালিকায় রয়েছে রাষ্ট্রীয় ও আন্তর্জাতিক অনেক সম্মাননা ও পুরস্কার। ২০০৬ সালে মহান স্বাধীনতা যুদ্ধে বিশেষ অবদান রাখার জন্য বাংলাদেশ বেতারকে দেশের সর্বোচ্চ বেসামরিক সম্মাননা পদক "স্বাধীনতা পদক" প্রদান করা হয়। ২০১৭ সালে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১৯৭১ সালের ঐতিহাসিক ৭ মার্চের কালজয়ী ভাষণকে বিশ্বের প্রামাণ্য ঐতিহ্যের দলিল হিসেবে অনন্য স্বীকৃতির অন্যতম অংশীদার বাংলাদেশ বেতারকে UNESCO কর্তৃক বিশেষ সম্মাননা সনদ প্রদান করা হয়। এছাড়াও, কোভিড-১৯ সংক্রমণ রোধে করোনা ভাইরাস প্রতিরোধ বিষয়ক অনুষ্ঠান ও তথ্য প্রচার করে UNICEF থেকে Best Covid-19 Responder Award 2020 এবং Best Radio Listener Facilitator Award 2021 অর্জন করে বাংলাদেশ বেতার। করোনা মহামারিতে তথ্য-প্রযুক্তি বান্ধব মানবিক সেবায় "৩৩৩", স্বাস্থ্য বাতায়ন "১৬২৬৩" এবং জাতীয় জরুরী সেবা "৯৯৯" ডিজিটাল কল সেন্টারের নানামুখী কার্যক্রম নিয়ে "দরকারি দুইবন্ধু" শিরোনামে বিশেষ বেতার প্রামাণ্য প্রতিবেদন পিআইবি-এটুআই গণমাধ্যম পুরস্কার ২০২১ লাভ করে। এছাড়াও, ঐতিহ্যমন্ডিত এই প্রতিষ্ঠানটি ABU, AIBD, CBA, UNICEF ইত্যাদি সংস্থাসহ দেশে-বিদেশে প্রায় অর্ধশতাধিক পুরস্কার অর্জন করেছে।






### ৩.৩। বাংলাদেশ বেতারের নিজস্ব শিল্পীদের চাকুরি পেনশনের আওতাভুক্তকরণ

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৫/১২/২০১৪ তারিখে বাংলাদেশ বেতারের ৭৫ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত হীরক জয়ন্তী অনুষ্ঠানে বাংলাদেশ বেতারে কর্মরত নিজস্ব শিল্পীদের চাকুরী পেনশনের আওতায় আনা হবে মর্মে ঘোষণা প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী বাংলাদেশ বেতারের নিজস্ব শিল্পীদের চাকুরি পেনশনের আওতাভূক্তকরণের লক্ষ্যে বেতারে কর্মরত ২৬৩ (দুইশত তেষট্টি) জন নিজস্ব শিল্পীকে অস্থায়ী রাজস্ব খাতে সৃজিত ২৯৫ (দুইশত পঁচানব্বই) পদে আত্মীকরণ করা হয়।

### ৩.৪। বাংলাদেশ বেতারের মহাপরিচালকসহ অন্যান্য পদ আপ গ্রেডেশন

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বেতার-১ শাখার গত ০৭/০৭/২০২০ তারিখের ১৫.০০.০০০০.০২১.০৭.০০১.১৬(অংশ)-২২৯ নম্বর স্মারকের মাধ্যমে বাংলাদেশ বেতারের মহাপরিচালকের পদ গ্রেড-১ পদে উন্নীতকরণসহ অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল শাখার কিছু পদ আপ গ্রেডেশন এবং নতুন পদ সৃজন করা হয়েছে।




**বিশ্ব বেতার দিবস ২০২৩ উপলক্ষ্যে বাংলাদেশ বেতার আয়োজিত আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ড. হাছান মাহমুদ এম.পি. মহোদয়**

# ৪। ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ বেতার কর্তৃক গৃহীত কর্মকান্ড

## ৪.১। অনুষ্ঠান শাখা কর্তৃক গৃহীত কর্মকান্ড

**জাতীয় সংসদ অধিবেশন, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ বিশেষ কর্মসূচী সরাসরি সম্প্রচার**

২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ বেতার থেকে অষ্টম জাতীয় সংসদের সকল অধিবেশন, মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ বিশেষ কর্মসূচীতে প্রদত্ত ২৫০টি ভাষণ সরাসরি সম্প্রচারিত হয়েছে এবং ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার ঢাকায় আর্কাইভিং করা হয়েছে। এছাড়াও, বিভিন্ন জাতীয় দিবসের অনুষ্ঠান, দেশীয় ও আন্তর্জাতিক খেলাসমূহ সরাসরি সম্প্রচার করা হয়েছে।

**সরকারের প্রেক্ষিত পরিকল্পনা ও মেগা প্রকল্পসমূহের বাস্তবায়নের অগ্রগতি বিষয়ক প্রচারণা**

৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, রূপকল্প-২০৪১, ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, এসডিজি, সরকারের নির্বাচনী ইশতেহার-২০১৮ বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২৩ অর্থবছরে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ; বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার; মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ ১০ (দশ)টি উদ্যোগ; মেগা প্রজেক্ট ও উন্নয়নমূলক কর্মকান্ড; কৃষি, খাদ্য নিরাপত্তা ও নিরাপদ খাদ্য; জনসংখ্যা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ; পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ ব্যবস্থাপনা; শিল্প ও অর্থনীতি; শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, নারী ও শিশু; তথ্য অধিকার আইন ও সম-সাময়িক বিষয়ে অনুষ্ঠান প্রচারের মাধ্যমে তথ্য প্রদান ও জনসচেতনতা বৃদ্ধিতে ভূমিকা পালন করছে। ২০২২-২৩ অর্থবছরে স্মার্ট বাংলাদেশ, উন্নয়নমূলক কর্মকান্ড নিয়ে প্রচারণামূলক অনুষ্ঠান, উন্নয়ন বার্তা ও মেগা প্রজেক্টসমূহ: পদ্মা বহুমুখী সেতু, বঙ্গবন্ধু টানেল, রামপাল বিদ্যুৎ প্রকল্প, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের তৃতীয় টার্মিনাল, মাতারবাড়ি পাওয়ার প্ল্যান, সোনাদিয়া গভীর সমুদ্র বন্দর, পায়রা সমুদ্র বন্দর প্রকল্প, দোহাজারি-কক্সবাজার রেললাইন নির্মাণ প্রকল্প, রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, মেট্রো রেল প্রজেক্ট, ইত্যাদির উন্নয়ন অগ্রগতির উপর বিশেষ অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হয়েছে।



**বিশ্ব বেতার দিবস ২০২৩ উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠানে বক্তব্য রাখছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ হুমায়ুন কবীর খোন্দকার**

এসডিজি বিষয়ক অনুষ্ঠানঃ 'টেকসই উন্নয়নে বাংলাদেশ', 'এগিয়ে চলেছে বাংলাদেশ', 'দিনবদলের পালা', 'দেশ আমার মাটি আমার', 'সুখের ঠিকানা', 'সুখি সংসার', 'পর্যটন শিল্প ও বিকাশমান অর্থনীতি', 'বৃহৎ পরিসরে জেলা ব্রান্ডিং', 'দারিদ্র বিমোচনে বর্তমান সরকারের অবদান', 'পরিবেশ সুরক্ষায় বর্তমান সরকারের ভূমিকা', 'সোনার বাংলার রূপকার',

‘আশ্রয়ন প্রকল্প’, ‘আমার বাড়ি আমার খামার’, ‘ঘরে ঘরে বিদ্যুৎ’, ‘নারীর দক্ষতা এবং কর্মসংস্থান তৈরীতে সরকারের পদক্ষেপ ও সাফল্য’, ইত্যাদি অনুষ্ঠান প্রচারের মাধ্যমে বর্তমান সরকারের উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে জনগণকে অবহিতকরণ ও সরকারের নীতি বাস্তবায়নে জনগণকে উদ্বুদ্ধকরণের কাজ করে যাচ্ছে বেতার। এছাড়াও, বিভিন্ন সময়ে সরকার প্রদত্ত দিক-নির্দেশনার আলোকে বাংলাদেশ বেতার থেকে বিভিন্ন আঙ্গিকে অনুষ্ঠানমালা প্রচার হয়েছে।

**বঙ্গাবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক অনুষ্ঠান**

২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিট থেকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন, আদর্শ, রাজনৈতিক দর্শন ও কর্ম নতুন প্রজন্মের মাঝে তুলে ধরার জন্য বিভিন্ন অনুষ্ঠান প্রচার করা হয়েছে। উল্লেখযোগ্য অনুষ্ঠানসমূহের মধ্যে রয়েছে ‘কবিতায় বঙ্গাবন্ধু’, ‘বঙ্গাবন্ধু ও বাংলাদেশ’, ‘বজ্রকন্ঠ’, ‘আমাদের বঙ্গাবন্ধু’, ‘পংক্তিতে পংক্তিতে বঙ্গাবন্ধু’, ‘চিরঞ্জীব মুজিব’, ‘বঙ্গাবন্ধুর অমর কথা’, ‘স্বপ্নদ্রষ্টা বঙ্গাবন্ধু’, ‘কালের মহানায়ক’, ‘বঙ্গাবন্ধুর গ্রন্থ থেকে পাঠ’ ইত্যাদি।

মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে এবং মুক্তিযুদ্ধের চেতনার যথাযথ বিকাশে মুক্তিযুদ্ধভিত্তিক অনুষ্ঠান প্রচার, শিশুদের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও অন্যান্য তথ্যাবলী শিক্ষা এবং তরুণ প্রজন্মের মধ্যে দেশপ্রেম জাগ্রতকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক অনুষ্ঠান প্রচার অব্যাহত আছে। ২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র ও ইউনিট থেকে ‘মননে মুক্তিযুদ্ধ’, ‘ইতিহাস কথা কয়’, ‘অহংকারের স্বদেশ’, ‘মুক্তিযুদ্ধ ভিত্তিক নাটক ও গান’, ‘মুক্তিযুদ্ধ আমার অহংকার’, ‘চেতনায় মুক্তিযুদ্ধ’, ‘একাত্তরের বীরত্বগাঁথা’, ‘মুক্তিযুদ্ধ ও আজকের প্রজন্ম’, ‘স্বাধীনতার গল্প’, ‘মুক্তিযুদ্ধ পরিক্রমা’, ‘অরুণোদয়ের গান’, ‘মুক্তিযুদ্ধ অম্লান’, ‘অহংকার চিরজাগ্রত’, ‘মুক্তিযোদ্ধাদের সাক্ষাৎকার’ ইত্যাদি অনুষ্ঠান প্রচার করা হয়েছে।




**বিশ্ব বেতার দিবস ২০২৩ উপলক্ষ্যে বাংলাদেশ বেতার আয়োজিত অনুষ্ঠান**

## জনসচেতনতা ও বিনোদনমূলক অনুষ্ঠান প্রচার

জরুরী মুহূর্তে ও দুর্যোগকালে সার্বক্ষণিক সম্প্রচার বলবৎ রাখা এবং জনসাধারণের মাঝে সাহস ও প্রেরণা যোগানো বেতারের জন্য একটি বড় চ্যালেঞ্জ। যখন সকল ধরনের সম্প্রচার ব্যর্থ হয়, তখন বাংলাদেশ বেতার সম্প্রচার চলমান রাখে এবং সবসময় জনগণের পাশে থাকে। সবাই যখন ঘুমিয়ে থাকে, জেগে থাকে বাংলাদেশ বেতার এবং এর নিরলস কর্মীবাহিনী। জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধি, ভূমিকম্প ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় করণীয় এবং দুর্যোগ পরবর্তী করণীয়, চলমান কোভিড-১৯ প্রতিরোধ ও নিরাময় বিষয়ক অনুষ্ঠান, ডেংগু জ্বর প্রতিরোধে করণীয়, কৃষি, খাদ্য নিরাপত্তা ও নিরাপদ খাদ্য, অটিজম সচেতনতা বিষয়ক আলোচনা, 'আমরাও পারি (প্রতিবন্ধিদের জন্য অনুষ্ঠান), 'আইন আদালত', মাদকের বিস্তার রোধ, ইন্টারনেটের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ ও এর ক্ষতিকার দিক সম্পর্কে তরুণ প্রজন্মের মধ্যে সচেতনতা বৃদ্ধি, গুজব বিরোধী প্রচারণা, মাদক, নারী ও শিশু পাচার প্রতিরোধ বিষয়ক, মানব পাচার, সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ, বাল্যবিবাহ, ইভটিজিং, জনসংখ্যা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, শিশু-কিশোরদের শারীরিক ও মানসিক বিকাশ, মাতৃভাষার প্রমিত ব্যবহার, শিক্ষা, ইত্যাদি বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি ও জনগণকে উদ্বুদ্ধকরণের জন্য আলোচনা, প্রামাণ্য, কথিকা, নাটিকা, গান, স্পট, শ্লোগান ইত্যাদি নিয়মিত প্রচার করা হয়েছে। এছাড়াও, বাংলাদেশের ইতিহাস-ঐতিহ্য, ভাষা-সাহিত্য, আবহমান সংস্কৃতি এবং কৃষ্টির লালন ও বিকাশের জন্য বিনোদনমূলক সঙ্গীতানুষ্ঠান 'গল্পগানে কিছুক্ষণ', গানে গানে, জলসা, গাড়িয়াল ভাই, গানে গানে কিছুক্ষণ, প্রিয় গান, সুচয়ন ইত্যাদি শিরোনামে গানের অনুষ্ঠান এবং আমন্ত্রিত অতিথি ও দর্শক-শ্রোতাগণের উপস্থিতিতে সরাসরি সঙ্গীতানুষ্ঠান, ফোন-ইন অনুষ্ঠান, অনুরোধের গানের অনুষ্ঠান প্রচার করা হয়েছে। পাশাপাশি বিনোদনমূলক নাটক প্রচারিত হয়েছে।

## তৃণমূল পর্যায়ে সরকারের উন্নয়ন কর্মকান্ড পৌঁছে দেয়া

বিভিন্ন জনগুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় ও জাতীয় অনুষ্ঠান, সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড তৃণমূল পর্যায়ে পৌঁছে দেয়ার জন্য কমিউনিটি রেডিও এবং বেসরকারী বাণিজ্যিক এফ.এম. রেডিওকে উন্নয়ন ও জনসচেতনতামূলক অনুষ্ঠান সরবরাহ করে সরকারের উন্নয়ন কর্মকান্ডকে ত্বরান্বিত করছে বাংলাদেশ বেতার। পাশাপশি বাংলাদেশ বেতারের সকল কেন্দ্রের সামাজিক যোগাযোগ মাধ্যমে ফেইসবুক পেইজ ও ইউটিউব চ্যানেলে অডিও/ভিজুয়্যাল কন্টেন্ট প্রচারের মাধ্যমে গুরুত্বপুর্ণ তথ্য ও বিনোদন দেশবাসীর কাছে তা মুহূর্তেই পৌঁছে যাচ্ছে।




**তৃণমূল পর্যায়ে অনুষ্ঠান প্রচার**

## ৪.২। প্রকৌশল শাখা কর্তৃক গৃহীত কর্মকান্ড

২০২২-২৩ অর্থবছরে অনুষ্ঠানস্থল থেকে সরাসরি অনুষ্ঠান সম্প্রচার করার জন্য বাংলাদেশ বেতার ঢাকা ও সিলেট কেন্দ্রে ২টি আধুনিক Digital Satellite News Gathering (DSNG) ভ্যান সংযোজন করা হয়েছে। ঢাকা ও চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠান স্যাটেলাইটের মাধ্যমে রীলে করে সারাদেশে প্রচার করা হচ্ছে। বাংলাদেশ বেতারের ওয়েবসাইট (www.betar.gov.bd) ও মোবাইল অ্যাপস (Bangladesh Betar)-এ ৯টি কেন্দ্র ও ৩টি ইউনিটের মোট ২০টি চ্যানেলের অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। প্রকৌশল শাখা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পগুলো হচ্ছে:

১। বাংলাদেশ বেতারের মহাশক্তি প্রেরণ কেন্দ্রে ১০০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার স্থাপন (মেয়াদকাল: জুলাই/২০১৫ হতে জুন/২০২২)।

২। "বাংলাদেশ বেতার, শাহবাগ কমপ্লেক্স আগারগাঁও, ঢাকায় স্থানান্তর, নির্মাণ ও আধুনিকায়ন (১ম পর্যায়) (৪র্থ সংশোধিত)" শীর্ষক প্রকল্প (মেয়াদ: ০১/০৭/২০১২-৩০/০৬/২০২৩।

৩। "জাতীয় বেতার ভবনে আধুনিক ও ডিজিটাল যন্ত্রপাতি স্থাপন"শীর্ষক প্রকল্প (মেয়াদ: ০১/০১/২০১৩-৩০/০৬/২০২৩)।

৪। বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প। (মেয়াদ: ২০১৮-জুন/২০২৩)।

৫। "বাংলাদেশ বেতার, চট্টগ্রাম কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প (মেয়াদ: ২০২১-জুলাই-জুন/২০২৪)।

৬। ময়মনসিংহ ও গোপালগঞ্জ দু'টি স্বয়ংসম্পূর্ণ ১০ কিলোওয়াট এফ এম বেতার কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্প (মেয়াদ: ২০২১-জুলাই-জুন/২০২৪)।







**বাংলাদেশ বেতারের ডিএসএনজি ভ্যান ও মহাশক্তি প্রেরণ কেন্দ্রে ১০০০ কিলোওয়াট মধ্যম তরঙ্গ ট্রান্সমিটার**

## ৪.৩। বার্তা শাখা কর্তৃক গৃহীত কর্মকান্ড

২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ বেতারের বার্তা শাখা থেকে ২৪৩৮ ঘন্টা সংবাদ প্রচারের মাধ্যমে জনগণকে নিয়মিত তথ্য প্রদান করা হয়েছে। মনিটরিং পরিদপ্তর থেকে ৩৬৫টি দৈনিক মনিটরিং রিপোর্ট প্রকাশ করা হয়েছে। এছাড়াও বিশেষ গুরুত্বপূর্ণ দিবস, জাতীয় অনুষ্ঠান ও জনগুরুত্বপূর্ণ বিষয়ে সংবাদ প্রতিবেদন প্রচার করা হয়েছে

## ৪.৪। ২০২২ - ২০২৩ অর্থবছরে প্রশাসনিক কার্যক্রমের প্রতিবেদন:

৪.৪.১। কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পুরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| বাংলাদেশ বেতারের মোট পদ সংখ্যা | ১ম শ্রেণী- ৬৮৬<br>২য় শ্রেণী- ১০৭<br>৩য় শ্রেণী- ৯৮১<br>৪র্থ শ্রেণী- ৪১৯<br>রাজস্ব খাতভূক্ত নিজস্ব শিল্পী- ২৯৫ | ১ম শ্রেণী- ৪২০<br>২য় শ্রেণী- ২৬<br>৩য় শ্রেণী- ৭৬৪<br>৪র্থ শ্রেণী- ৩৭২<br>রাজস্ব খাতভূক্ত নিজস্ব শিল্পী- ১৮২ | ১ম শ্রেণী- ২৬৬<br>২য় শ্রেণী- ৮১<br>৩য় শ্রেণী- ২১৭<br>৪র্থ শ্রেণী- ৪৭<br>রাজস্ব খাতভূক্ত নিজস্ব শিল্পী- ১১৩ | | |
| **মোট** | ২৪৮৮ | ১৭৬৪ | ৭২৪ | | |

৪.৪.২। শূন্যপদের বিন্যাস

| ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট শূণ্যপদ |
|---|---|---|---|---|
| ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ২৬৬ | ৮১ | ৩৩০ | ৪৭ | ৭২৪ |

৪.৪.৩। নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৪৩ | - | ৪৩ | ০৯ | - | ০৯ | |

৪.৪.৪। অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| দপ্তর/সংস্থার নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বাংলাদেশ বেতার | ১৫৭ | ১৫৭.৩৩ | ৭৫টি | ১৭টি সম্পূর্ণ ও ০২টি আংশিক | ৮.৩৮ | ১৪০টি | ১৪৮.৯৫ |
| সর্বমোট | ১৫৭ | ১৫৭.৩৩ | ৭৫টি | ১৭টি সম্পূর্ণ ও ০২টি আংশিক | ৮.৩৮ | ১৪০টি | ১৪৮.৯৫ |

৪.৪.৫। **শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগএবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)**

| প্রতিবেদনাধীন অর্থবছরে (২০২২-২৩) পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরেনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| ২২ | - | ০৫ | ০৪ | ০৯ | ১৩ |

**৪.৪.৬। সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০২২থেকে ৩০ জুন ২০২৩পর্যন্ত)**

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| ০১ | ০২ | - | ০৩ | ০২ |

**৪.৪.৭। মানবসম্পদ উন্নয়ন**

দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| **১** | **২** |
| ১৫ | ৫৫৯ |

**সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)**

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| **১** | **২** |
| ০৫ | ১৮৫ |





**৪.৪.৮। তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন**

| কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৯১ | হ্যাঁ | হ্যাঁ | - | ৩০০ | ৩৫০ |




তথ্য-প্রযুক্তি সমৃদ্ধ আধুনিক প্রশিক্ষণ কক্ষ

**৪.৪.৯। বাংলাদেশ বেতারের রাজস্ব আয় থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ**

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| | | ২০২২-২৩ | | ২০২১-২২ | | হ্রাস(-)/বৃদ্ধির (+) হার | |
|---|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন |
| রাজস্ব আয় | ট্যাক্স রেভিনিউ | - | - | - | - | - | - |
| | নন-ট্যাক্স রেভিনিউ | ৩৮.০৮ | ৮.২৫ | ৩৪.৬২ | ৫.৮১ | (+) ৩.৪৬ | (+) ২.৪৪ |

৪.৪.১০। উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০৪ | ৪৪.৭৫ | ৩৩.৯৯ ও ৭৬% | ৪৮ |

৪.৪.১১। প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত ও সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|
| নাই | জাতীয় বেতার ভবনে আধুনিক ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন প্রকল্প (১ম সংশোধিত) | ১ | MCR & Studio equipment |

## ৫। জনজীবনে বাংলাদেশ বেতারের গুরুত্ব

বাংলাদেশের সর্ববৃহৎ এবং প্রাচীনতম গণমাধ্যম বাংলাদেশ বেতার। ১৯৩৯ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশ বেতারযাত্রা শুরু করার পর থেকে এ পর্যন্ত মানুষের জীবন মানোন্নয়ন, দারিদ্র্য বিমোচন, কৃষি উন্নয়ন, সাক্ষরক্ষতার হার বৃদ্ধি, শিক্ষার মানোন্নয়ন, নারীর ক্ষমতায়ন, শিশু ও মাতৃ মৃত্যুর হার হ্রাস, দেশের ইতিহাস, ঐতিহ্য বিশ্ব দরবারে তুলে ধরাসহ সার্বিক উন্নয়নে অনবদ্য ভূমিকা রেখে আসছে। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র মহান মুক্তিযুদ্ধে দ্বিতীয় ফ্রন্ট হিসেবে আত্মপ্রকাশ করেছিল, যা ১৯৭১ সালে আমাদের মহান মুক্তি সংগ্রামে অনন্য ভূমিকা রাখে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ তৎকালীন স্বৈরশাসকের বাধা উপেক্ষা করে ৮ মার্চে বেতারে প্রচার মুক্তিকামী বাঙালিকে অনুপ্রাণিত করেছিল। মুক্তিযুদ্ধের পুরোটা সময় বাংলাদেশ বেতার নিরলসভাবে এ দেশের জনগণকে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করেছিল।

বাংলাদেশ বেতার বিনোদন ও তথ্য সমৃদ্ধ বৈচিত্রময় অনুষ্ঠান এবং বস্তুনিষ্ঠ সংবাদ সম্প্রচারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় একনিষ্ঠভাবে নিরন্তর সেবা পৌঁছে দিচ্ছে। একইসঙ্গে, সমসাময়িক ও যুগের চাহিদা মেটাতে ডিজিটাল প্রযুক্তির সাথে তাল মিলিয়ে বর্তমানে এ্যাপস এর মাধ্যমে বাংলাদেশ বেতারের সংবাদ ও অনুষ্ঠান ইন্টারনেটে দেশের পাশাপাশি বহির্বিশ্বের শ্রোতার কাছেও পৌঁছে দিচ্ছে। আপামর জনতার শিক্ষা, স্বাস্থ্য, বিনোদন ও জীবনমান উন্নয়নে বাংলাদেশ বেতারজড়িয়ে আছে নিবিড়ভাবে।

গণতান্ত্রিক অধিকার রক্ষায়, তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করতে, বৈচিত্র আনয়নে এবং দেশের সার্বিক উন্নয়নে জনগণের সম্পৃক্ততা বৃদ্ধিতে বাংলাদেশ বেতারের ভূমিকা প্রশংসনীয়।তথ্যাদির সর্বাধিক সুলভ এবং সহজে বহনযোগ্য একমাত্র গণমাধ্যম হিসেবে বেতারদেশের দুর্যোগকালের একমাত্র অবলম্বনসহ এ অঞ্চলের সংস্কৃতির ধারক-বাহক হিসেবে জনসাধারণের পারিবারিক জীবন শিক্ষা এবং সরকারের উন্নয়নমূলক কর্মকান্ডের তথ্য প্রকাশ, প্রচারণা ও উদ্ধুদ্ধকরণের মাধ্যমে দেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে বাংলাদেশ বেতারের ভূমিকা অনস্বীকার্য। আধুনিক প্রযুক্তির ব্যবহার, সঠিক বস্তুনিষ্ঠ,সংবাদ ও প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রচারএবং সৃজনশীল অনুষ্ঠান বেতারকে আরও বেশি সংখ্যক শ্রোতার কাছে নিয়ে যাচ্ছে প্রতিনিয়ত। এছাড়াও এএম, এফএম ও শর্ট ওয়েভের পাশাপাশি ওয়েবসাইট, এ্যাপস, ফেসবুক ও ইউটিউবে রয়েছে বাংলাদেশ বেতারের সরব উপস্থিতি।





বাংলাদেশ বেতারের মাঠ পর্যায়ের দপ্তরের সাথে এপিএ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

## ৬। গৃহীত পদক্ষেপ ও কর্মকান্ডের ফলে জনজীবনে সৃষ্ট প্রভাব বা ফলাফল

### ৬.১। অনুষ্ঠান শাখা

বাংলাদেশ বেতার একটি জাতীয় সম্প্রচার মাধ্যম যার অন্যতম দায়িত্ব শিক্ষা, তথ্য ও বিনোদনের মাধ্যমে সরকারের বিভিন্ন মেগা প্রকল্প, উন্নয়নমূলক ও জনসচেতনতামূলক অনুষ্ঠান প্রচারকরা। এই অনুষ্ঠানগুলো বাংলাদেশের মানুষের জনজীবনে সামাজিক সমস্যা সমাধান ও সচেতনতা বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। পাশাপাশি সচেতনতা বৃদ্ধি জনগণের জীবনযাত্রার মান উন্নত করতে এবং সামাজিক উন্নয়ন সহায়তা করেছে। বাংলাদেশ বেতারের অনুষ্ঠান জনগণকে স্বাস্থ্য, শিক্ষা, পরিবেশ, নারী অধিকার, শিশু সুরক্ষা, কৃষি, দারিদ্র্য বিমোচন, ইত্যাদি বিষয়ে জ্ঞান অর্জনে সাহায্য করে। জনসচেতনতামূলক অনুষ্ঠানগুলো জনগণের মধ্যে বিভিন্ন ধরনের অপ্রচলিত রীতিনীতি ও কুসংস্কারের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধি করে। এই অনুষ্ঠানগুলির মাধ্যমে জনগণ তাদের অধিকার সম্পর্কে জ্ঞান অর্জন করে এবং তাদেরকে সচেতন নাগরিক হতে উৎসাহিত করে। অধিকন্তু এদেশে আবহমান সংস্কৃতির লালন ও বিকাশে বাংলাদেশ বেতার ঐতিহ্যগতভাবেই গুরু দায়িত্ব পালন করে যাচ্ছে।

বাংলাদেশ বেতারে প্রচারিত উন্নয়নমূলক ও জনসচেতনতামূলক অনুষ্ঠানগুলির কিছু উল্লেখযোগ্য প্রভাব

- স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি: বাংলাদেশ বেতারের মাধ্যমে স্বাস্থ্য সচেতনতামূলক অনুষ্ঠান প্রচারকরে জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা হয়েছে। স্বাস্থ্য বিষয়ক অনুষ্ঠানগুলোর মাধ্যমে জনগণকে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করা হয়েছে এবং তাদেরকে স্বাস্থ্যকর জীবনযাপন করতে উদ্বুদ্ধ করা হয়েছে। করোনা, ডেঙ্গু ইত্যাদি মোকাবিলায় প্রচারিত অনুষ্ঠানসমূহ জনগণের জীবন রক্ষায় কাজ করেছে।

- শিক্ষার প্রসার: বাংলাদেশ বেতারের মাধ্যমে শিক্ষামূলক অনুষ্ঠান প্রচারকরে শিক্ষার প্রসার ঘটাতে সাহায্য করা হয়েছে। এর মাধ্যমে গ্রামীণ এলাকার শিক্ষার্থীদেরকে শিক্ষার সুযোগ প্রদান করা হয়েছে।

- পরিবেশ সচেতনতা বৃদ্ধি: পরিবেশ সচেতনতামূলক অনুষ্ঠান প্রচারকরে সরকার পরিবেশ সচেতনতা বৃদ্ধি করতে সক্ষম হয়েছে, জনগণকে পরিবেশের গুরুত্ব সম্পর্কে সচেতন করা হয়েছে এবং তাদেরকে পরিবেশ দূষণ রোধে উদ্বুদ্ধ করা হয়েছে।

- নারীর ক্ষমতায়ন: বাংলাদেশ বেতারে নারী অধিকার সচেতনতামূলক অনুষ্ঠান প্রচারকরে সরকার নারী অধিকার সচেতনতা বৃদ্ধি করতে সক্ষম হয়েছে, নারী ক্ষমতায়ন সম্পর্কে সচেতন করা হয়েছে এবং তাদেরকে সামাজিক উন্নয়নে অংশগ্রহণের জন্য উৎসাহিত করা হয়েছে।

- শিশু সুরক্ষা: বাংলাদেশ বেতারের মাধ্যমে শিশু সুরক্ষামূলক অনুষ্ঠান প্রচারকরে সরকার শিশু সুরক্ষা নিশ্চিত করতে সক্ষম হয়েছে, জনগণকে শিশু নির্যাতন ও অবহেলার বিরুদ্ধে সচেতন করা হয়েছে এবং তাদেরকে শিশুদের অধিকার রক্ষায় উদ্বুদ্ধ করা হয়েছে।

- কৃষি উৎপাদন ও দারিদ্র্য বিমোচন: কৃষি বিষয়ক অনুষ্ঠান ও দারিদ্র্য বিমোচনমূলক অনুষ্ঠান প্রচারকরে বাংলাদেশ বেতারকৃষি উৎপাদন বৃদ্ধি ও দারিদ্র্য বিমোচনে সহায়তা করেছে। বাংলাদেশ বেতারের অনুষ্ঠানগুলোর মাধ্যমে জনগণকে দারিদ্র্য দূরীকরণের উপায় সম্পর্কে সচেতন করা হয়েছে এবং তাদেরকে আত্মকর্মসংস্থানের জন্য উৎসাহিত করা হয়েছে।

**এছাড়াও বাংলাদেশ বেতার হতে সরকারের প্রতিশ্রুত কার্যক্রম ও কার্যক্রম বাস্তবায়নের উপর বিভিন্ন অনুষ্ঠান/সংবাদ প্রচার করা হচ্ছে তার হালনাগাদ প্রচার প্রতিবেদন নিম্নরূপ:**

| | |
|---|---|
| গণতন্ত্র, নির্বাচন ও কার্যকর সংসদ | ১। সংসদ অধিবেশন সরাসরি সম্প্রচার (বাংলাদেশ বেতার ঢাকা); ২। আলোচনা অনুষ্ঠান (সকল কেন্দ্র) |
| আইনের শাসন ও মানবাধিকার সুরক্ষা | ১। অগ্রযাত্রা -আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ২। জনগণের সরকার- আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাজশাহী); ৩। আমরাও আছি- আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ৪। ভূমির কথা-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ৫। নীতির পথে-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ৬। সোনার বাংলা গড়ার প্রত্যয়-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ৭। আইন ও জীবন-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার সিলেট); ৮। আইন জিজ্ঞাসা- ফোনো লাইভ (বাংলাদেশ বেতার রংপুর); ৯। আইনী জিজ্ঞাসা- ফোনো লাইভ (বাংলাদেশ বেতার বরিশাল); ১০। আইনের আলোকে-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার কুমিল্লা); ১১। ফোনো লাইভ (বাংলাদেশ বেতার চট্টগ্রাম) |
| দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ | ১। দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ বিষয়ক কথিকা/বার্তা (সকল কেন্দ্র); ২। এসো দেশ গড়ি-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার বরিশাল) |
| সন্ত্রাস, জঙ্গিবাদ, সাম্প্রদায়িকতা ও মাদক নির্মূল | ১। বিবেকের জাগরণ-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার, ঢাকা); ২। জাগরণ- ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার চট্টগ্রাম); ৩। রুখে দাঁড়াই- আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাজশাহী); ৪। ফিরে আসি আলোর পথে- আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাজশাহী); ৫। শান্তির ডাক-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার সিলেট); ৬। প্রতিরোধের বাংলাদেশ-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাঙামাটি); ৭। নিরাময়-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার কক্সবাজার) |
| স্থানীয় সরকার: জনগণের ক্ষমতায়ন | ১। আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাজশাহী); ২। সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ-ফোন-ইন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাজশাহী, বরিশাল); ৩। উন্নয়নের সোপান-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার বরিশাল) |
| সামষ্টিক অর্থনীতি: উচ্চ আয়, টেকসই ও ন্তর্ভুক্তিমূলক উন্নয়ন | ১। অগ্রযাত্রা-বাংলাদেশের উন্নয়ন নিয়ে প্রচারনামূলক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ২। উন্নয়ন ও অগ্রযাত্রা (বাংলাদেশ বেতার রাজশাহী); ৩। উন্নয়নে বাংলাদেশ (বাংলাদেশ বেতার বরিশাল);৪। সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ-ফোন-ইন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাজশাহী, বরিশাল); ৫। কথিকা (সকল কেন্দ্র) |
| অবকাঠামো উন্নয়নে বৃহৎ প্রকল্প (মেগা প্রজেক্ট) | ১। মেগা প্রজেক্ট সমূহের অগ্রগতি প্রতিবেদন (বাংলাদেশ বেতার ঢাকা); ২। উন্নয়নের রূপকল্প (বাংলাদেশ বেতার খুলনা); ৩। কথিকা (সকল কেন্দ্র); ৪। জিঙ্গেল (সকল কেন্দ্র) ৫। প্রামাণ্য প্রতিবেদন (সকল কেন্দ্র) |
| "আমার গ্রাম- আমার শহর":প্রতিটি গ্রামে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণ | ১। "আমার গ্রাম-আমার শহর": প্রামাণ্য প্রতিবেদন (বাংলাদেশ বেতার ঢাকা) ২। কথিকা (সকল কেন্দ্র); ৩। আলোচনা অনুষ্ঠান (সকল কেন্দ্র);৪। নাটিকা (সকল কেন্দ্র) |
| তরুণ যুবসমাজ: "তারুণ্যের শক্তি-বাংলাদেশের সমৃদ্ধি" | ১। "তারুণ্যের শক্তি-বাংলাদেশের সমৃদ্ধি" (বাংলাদেশ বেতার ঢাকা); ২। প্রজন্মকণ্ঠ- ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ৩। তারুণ্য (বাংলাদেশ বেতার চট্টগ্রাম, বরিশাল); ৪। নবকেতন (বাংলাদেশ বেতার চট্টগ্রাম); ৫। নবারুন (বাংলাদেশ বেতার রাজশাহী); ৬। আমরাই সেরা-বির্তক বিষয়ক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাজশাহী); |

| | |
|---|---|
| | ৭। নবকল্লোল-তরুণ সমাজের জন্য অনুষ্ঠান (বাংলাদেশ বেতার সিলেট); ৮। ক্যারিয়ার প্ল্যানিং-(বাংলাদেশ বেতার রংপুর);৯। তরুণ কণ্ঠ (বাংলাদেশ বেতার রংপুর) |
| কৃষি, খাদ্য ও পুষ্টি: খাদ্য নিরাপত্তা অর্জনে নিশ্চয়তা | ১। কৃষি সমাচার-কৃষি ও পরিবেশ বিষয়ক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা, চট্টগ্রাম); ২। সবুজ প্রান্তর-কৃষি বিষয়ক অর্জন নিয়ে ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ৩। কিষাণবধূ-গ্রামীণ মহিলাদের জন্য কৃষি বিষয়ক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ৪। দেশ আমার মাটি আমার-কৃষি তথ্য বিষয়ক ম্যাগাজিন অনুষ্ঠান (সকল কেন্দ্র); ৫। সবুজ বাংলা-কৃষি ও প্রাণি সম্পদ বিষয়ক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার চট্টগ্রাম); ৬। কৃষাণী সভা-কৃষি বিষয়ক মহিলাদের অনুষ্ঠান (বাংলাদেশ বেতার, রাজশাহী, সিলেট); ৭। চাষাবাদ (বাংলাদেশ বেতার খুলনা); ৮। শ্যামল সিলেট-কৃষি বিষয়ক আঞ্চলিক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার সিলেট);৯। ক্ষেতে খামারে (বাংলাদেশ বেতার, রংপুর); ১০। চাষাবাস (বাংলাদেশ বেতার বরিশাল); ১১। কৃষাণ মাটি দেশ (বাংলাদেশ বেতার ঠাকুরগাঁও); ১২। খামার বাড়ি (বাংলাদেশ বেতার রাঙামাটি); ১৩। সুজলা সুফলা (বাংলাদেশ বেতার কুমিল্লা); ১৪। মাঠের কথা (বাংলাদেশ বেতার গোপালগঞ্জ) |
| বিদ্যুৎ ও জ্বালানি | ১। কথিকা (সকল কেন্দ্র); ২। জিঙ্গেল (সকল কেন্দ্র); ৩। মাননীয় প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ (সকল কেন্দ্র) |
| শিল্প উন্নয়ন | ১। কথিকা (সকল কেন্দ্র); ২। সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাজশাহী); ৩। উন্নয়নের রূপকল্প-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ৪। উন্নয়ন অগ্রযাত্রা-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার গোপালগঞ্জ); ৫। মাননীয় প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ (সকল কেন্দ্র) |
| শিক্ষা | ১। ঘরে বসে শিখি-প্রাক-প্রাথমিক, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের ডিজিটাল পদ্ধতীতে শিক্ষা (সকল কেন্দ্র); ২। শিক্ষার্থীদের আসর-শিক্ষা বিষয়ক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ৩। উদ্ভাবন (বাংলাদেশ বেতার খুলনা); ৪। অন্বেষা-মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের নিয়ে কুইজভিত্তিক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ৫। এসো আরবী শিখি-ব্যবহারিক আরবী শিক্ষার অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ৬। চলো ইংরেজি শিখি-ব্যবহারিক আরবী শিক্ষার অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ৭ । মাননীয় প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ (সকল কেন্দ্র) |
| স্বাস্থ্যসেবা ও পরিবার কল্যাণ | ১। সুখের ঠিকানা- স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক আলোচনা অনুষ্ঠান (সকল কেন্দ্র); ২। স্বাস্থ্যই সুখের মূল-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার,ঢাকা); ৩। এসো গড়ি ছোট পরিবার-ম্যাগাজিন অনুষ্ঠান (সকল কেন্দ্র); ৪। সোনালী প্রত্যাশা-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার চট্টগ্রাম); ৫। সুখী সংসার (সকল কেন্দ্র) ৬। স্বাস্থ্য বিচিত্রা (বাংলাদেশ বেতার, খুলনা); ৭। ছোট পরিবার (বাংলাদেশ বেতার খুলনা); ৮। আপনার স্বাস্থ্য-ফোন-ইন (বাংলাদেশ বেতার রংপুর); ৯। স্বাস্থ্য কথা (বাংলাদেশ বেতার বরিশাল) |
| যোগাযোগ | ১। কথিকা (সকল কেন্দ্র);<br>২। জিঙ্গেল (সকল কেন্দ্র);<br>৩। আলোচনা অনুষ্ঠান (সকল কেন্দ্র) |
| ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন পূরণ: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ১। ডিজিটাল বাংলাদেশ ফোন-ইন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ২। ডিজিটাল বাংলাদেশ ও আমাদের ভাবনা (বাংলাদেশ বেতার রাজশাহী, বরিশাল); ৩। আইটি বিশ্ব (বাংলাদেশ বেতার বরিশাল); ৪। মাননীয় প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ (সকল কেন্দ্র) |

| | |
|---|---|
| সমুদ্র বিজয়: ব্লু-ইকোনমি উন্নয়নের দিগন্ত উন্মোচন | ১। সাগরিকা-সুনীল অর্থনীতির উন্নয়ন বিষয়ক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার চট্টগ্রাম) |
| জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সুরক্ষা | ১। ধরিত্রী কথা-জলবায়ু বিষয়ক ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা)<br>২। পরিবেশ ও জীবন-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার চট্টগ্রাম, ঠাকুরগাঁও); ৩। ধরিত্রী-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাজশাহী); ৪। সুন্দরবন-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ৫। দৃষ্টিপাত-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ৬। পরিবেশ ভাবনা-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার সিলেট, বরিশাল); ৭। সুন্দর পরিবেশ সুন্দর বাংলাদেশ-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাঙামাটি); ৮। আরণ্যক-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার বান্দরবান); ৯। মাননীয় প্রধানমন্ত্রীর ১০ উদ্যোগ (সকল কেন্দ্র) |
| শিশু কল্যাণ | ১। মিনা ফোনো লাইভ-সরাসরি সম্প্রচারিত ফোন-ইন অনুষ্ঠান (সকল কেন্দ্র); ৩। শিশুতোষ নাটক; ৪। কলকাকলী-শিশুতোষ ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ৫। শিশু কিশোর মেলা (বাংলাদেশ বেতার চট্টগ্রাম); ৬। শিশু মেলা (বাংলাদেশ বেতার রাজশাহী); ৭। জীবন জীবনের জন্য (বাংলাদেশ বেতার রাজশাহী); ৮। কল্লোল (বাংলাদেশ বেতার খুলনা); ৯। কিশোর মেলা (বাংলাদেশ বেতার খুলনা); ১০। কিশলয়-শিশুদের অংশগ্রহণে ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার সিলেট); ১১। সবুজ মেলা (বাংলাদেশ বেতার রংপুর); ১২। ধীমান-কুইজ ভিত্তিক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রংপুর); ১৩। কচিঁকাঁচা (বাংলাদেশ বেতার বরিশাল); ১৪। জীবনের জন্য (বাংলাদেশ বেতার ঠাকুরগাঁও) |
| প্রতিবন্ধী ও প্রবীণ কল্যাণ | ১। আমরাও পারি-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা, ঠাকুরগাঁও); ২। এগিয়ে যাবো একসাথে-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার চট্টগ্রাম); ৩। করবই জয় একদিন (বাংলাদেশ বেতার রংপুর); ৪। শ্বেতকপোত (বাংলাদেশ বেতার বরিশাল); ৫। কথিকা (সকল কেন্দ্র); ৬। আলোচনা অনুষ্ঠান (সকল কেন্দ্র); ৭। জিঙ্গেল (সকল কেন্দ্র) |
| সংস্কৃতি | ১। গান-দেশের গান, বঙ্গবন্ধুকে নিবেদিত গান, আধুনিক গান, আঞ্চলিক গান, রবীন্দ্র, নজরুল সংগীত, বিষয়ভিত্তিক গান ও অন্যান্য (সকল কেন্দ্র); ২। নাটক (সকল কেন্দ্র); ৩। ম্যাগাজিন অনুষ্ঠান (সকল কেন্দ্র); ৪। বিভিন্ন ধরণের সংগীতানুষ্ঠান (সকল কেন্দ্র); ৫। ইতিহাস ও ঐতিহ্য বিষয়ক অনুষ্ঠান (সকল কেন্দ্র); ৬। পর্যটন বিষয়ক অনুষ্ঠান (সকল কেন্দ্র) |
| ক্রীড়া | ১। ক্রীড়াঙ্গান-খেলাধুলা বিষয়ক ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা, রাজশাহী); ২। মাঠে ময়দানে (বাংলাদেশ বেতার রংপুর); ৩। ক্রীড়াজগত (বাংলাদেশ বেতার ঠাকুরগাঁও) |
| মুক্তিযোদ্ধাদের কল্যাণ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন | ১। বঙ্গবন্ধু ও বাংলাদেশ-বঙ্গবন্ধুর জীবন ও কর্ম ও বাংলাদেশ নিয়ে অনুষ্ঠান (সকল কেন্দ্র); ২। মননে মুক্তিযুদ্ধ-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ৩। বজ্রকন্ঠ-বঙ্গবন্ধুর ভাষণ নিয়ে বিশ্লেষণ ধর্মী অনুষ্ঠান (সকল কেন্দ্র), ৪। ইতিহাস কথা কয়-স্বাধীন বাংলা বেতারকেন্দ্র বিষয়ক ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ৫। অহংকারের স্বদেশ-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ৬। লক্ষ মুক্তিসেনা-মুক্তিযোদ্ধাদের সাক্ষাতকার (বাংলাদেশ বেতার ঢাকা); ৭। আমাদের বঙ্গবন্ধু-প্রামাণ্য অনুষ্ঠান (সকল কেন্দ্র); ৮। মুক্তির গান (বাংলাদেশ বেতার চট্টগ্রাম); ৯। মহানায়ক বঙ্গবন্ধু (বাংলাদেশ বেতার চট্টগ্রাম); ১০। মুক্তিযুদ্ধভিত্তিক নাটক (সকল কেন্দ্র); |

| | |
|---|---|
| | ১১। মুক্তিযুদ্ধ আমার অহংকার-মুক্তিযোদ্ধাদের সাথে সাক্ষাতকারমূলক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রাজশাহী, সিলেট); ১২। হৃদয়ে মুক্তিযুদ্ধ-মুক্তিযুদ্ধের উপর ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার খুলনা); ১৩। মুক্তির সৈনিক (বাংলাদেশ বেতার খুলনা); ১৪। কবিতায় বঙ্গবন্ধু (বাংলাদেশ বেতার খুলনা); ১৫। অহংকারে চিরজাগ্রত-মুক্তিযুদ্ধভিত্তিক গানের গ্রন্থিত অনুষ্ঠান (বাংলাদেশ বেতার সিলেট, বরিশাল); ১৬। একাত্তরের বীরত্বগাঁথা-বীর মুক্তিযোদ্ধাদের সাক্ষাতকার ভিত্তিক অনুষ্ঠান (বাংলাদেশ বেতার রংপুর); ১৭। মুক্তিযুদ্ধ ও আজকের প্রজন্ম (বাংলাদেশ বেতার বরিশাল); ১৮। চেতনায় মুক্তিযুদ্ধ (বাংলাদেশ বেতার বান্দরবান) |
| ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী, ধর্মীয় সংখ্যালঘু ও অনুন্নত সম্প্রদায় | ১। সালগীত্তাল-গারোদের জন্য অনুষ্ঠান (বাংলাদেশ বেতার, ঢাকা); ২। লেওয়া টানা-হামজদের জন্য অনুষ্ঠান (বাংলাদেশ বেতার ঢাকা); ৩। পাহাড়িকা-ম্যাগাজিন অনুষ্ঠান (বাংলাদেশ বেতার চট্টগ্রাম); ৪। মাদল (বাংলাদেশ বেতার রাজশাহী); ৫।মৃদঙ্গ-মনিপুরী ক্ষুদ্র-ণৃ-গোষ্টির জন্য অনুষ্ঠান (বাংলাদেশ বেতার সিলেট); ৬। মহুয়া (বাংলাদেশ বেতার রংপুর); ৭। শাল পিয়াল (বাংলাদেশ বেতার ঠাকুরগাঁও); ৮। শেকড়ের সন্ধানে (বাংলাদেশ বেতার বান্দরবান) |
| গণমাধ্যমের স্বাধীনতা ও অবাধ তথ্যপ্রবাহ | ১। তথ্যই শক্তি-আলোচনা অনুষ্ঠান (বাংলাদেশ বেতার, ঢাকা, খুলনা, সিলেট, বরিশাল); ২। বাতায়ন (বাংলাদেশ বেতার, রাজশাহী);<br>৩। জানার অধিকার (বাংলাদেশ বেতার, রংপুর) |
| ব-দ্বীপ বা ডেল্টা পরিকল্পনা-২১০০ | ১। কথিকা (সকল কেন্দ্র); ২। আলোচনা- (বাংলাদেশ বেতার ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও রংপুর) |

### ৬.২। বার্তা শাখা

**বর্তমান সরকারের রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়ন, নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন, মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ দশটি উদ্যোগ জনগণের দোরগৌড়ায় পৌঁছানো, সরকারের দারিদ্র্য বিমোচন কৌশলপত্র ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ, বিভিন্ন জনমুখী উন্নয়ন পরিকল্পনা ও প্রকল্পের সাফল্য এবং জাতিসংঘে ঘোষিত সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের লক্ষ্যে দেশব্যাপী শ্রোতাদের সম্পৃক্তকরণে বাংলাদেশ বেতারের বার্তা বিভাগের ভূমিকা অগ্রগণ্য। এ লক্ষ্যে বিশেষ সংবাদ বুলেটিন ও প্রতিবেদন প্রচারকরছে বার্তা শাখা।**

১। মুক্তিযুদ্ধের ইতিহাস এবং বাঙ্গালীর স্বাধিকার প্রতিষ্ঠায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানেরে আজীবন সংগ্রাম ও অবদান সংক্রান্ত যে কোন সংবাদ অত্যন্ত গুরুত্বসহকারে বুলেটিনে প্রচার।

২। মার্চ-২০২২ সালে জাতীর পিতার জন্মবার্ষিকী ও স্বাধীনতা দিবস উপলক্ষে সকল অনুষ্ঠানের সংবাদ গুরুত্বসহকারে প্রচার করা হয়।

৩। স্বাধীনতার মাস উত্তাল মার্চ ও বিজয়ের মাস ডিসেম্বরে স্বাধীনতা সংগ্রামে জাতির পিতার অবদান নিয়ে মাসব্যাপী বিশেষ প্রতিবেদন প্রচার।

৪। শোকের মাস আগষ্টে বঙ্গাবন্ধুকে নিয়ে সাক্ষাতকার ভিত্তিক প্রতিবেদন প্রচার।

৫। মেট্রো রেল, কর্ণফুলি টানেলসহ বিভিন্ন মেগা প্রজেক্টের বাস্তবায়ন অগ্রগতি বিশেষ প্রতিবেদন আকারে প্রচার।

৬। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ নিয়ে বিস্তারিত প্রতিবেদন প্রচার।

৭। মন্ত্রি পরিষদ বৈঠক ও একনেক বৈঠক নিয়ে নিয়মিত সংবাদ ও রিপোর্টিং প্রচার।

৮। পদ্মা সেতুকে ঘিরে বিপুল অর্থনৈতিক সম্ভাবনা এবং দেশের সার্বিক যোগাযোগ ব্যবস্থার অভাবনীয় অগ্রগতি নিয়ে

নিয়মিত প্রতিবেদন প্রচার করা হয়।
৯। দারিদ্র বিমোচন ও জনসংখ্যা নিয়ন্ত্রণ সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধি লক্ষ্যে এ সংক্রান্ত রিপোর্টিং গুরুত্বসহকারে সংবাদ বুলেটিনে প্রচার।
১০। পুষ্টি, শিশু অধিকার, মানব পাচার, সামাজিক নিরাপত্তা ও নারীর ক্ষমতায়ন বিষয়ক সংবাদ ও রিপোর্টিং প্রচার।
১১। অসাম্প্রদায়িক চেতনা বজায় রাখতে অন্যান্য ধর্মীয় জনগোষ্ঠী ও ক্ষুদ্র জাতিগোষ্ঠীর বিভিন্ন ধর্মীয় স্থাপনা উন্নয়নে ও উৎসব পালনে সরকারের বিভিন্ন পদক্ষেপ নিয়ে প্রতিবেদন প্রচার।
১২। অর্থনৈতিক উন্নয়ন, পর্যটন ও অপচয় রোধ নিয়ে সংবাদ ও রিপোর্টিং প্রচার।
১৩। প্রধান বুলেটিনে কৃষি বিষয়ক সংবাদ নিয়মিত প্রচার এছাড়া শিক্ষা, স্বাস্থ্য বিষয়ক সংবাদও প্রচার।
১৪। নারী নির্যাতন রোধ, নারীর ক্ষমতায়ন ও শিশু শ্রম, শিশুর অধিকার প্রতিষ্ঠা সংক্রান্ত সংবাদ নিয়মিত প্রচার।
১৫। ডেঙ্গু বিস্তার রোধে সরকারের বিস্তারিত কর্মসূচি নিয়মিতভাবে সংবাদে প্রচার।
১৬। প্রধানমন্ত্রীর কার্যালয় ও অন্যান্য মন্ত্রণালয়ের দৈনন্দিন কর্মসূচি নিয়ে সংবাদে নিয়মিত প্রচার করা হয়। পাশাপাশি জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো গুরুত্বসহকারে সংবাদে অন্তর্ভূক্ত করা হয়।
১৭। জাতীয় গুরুত্বপূর্ণ ঘটনার পাশাপাশি বৈশ্বিক ঘটনাবলীর সর্বশেষ পরিস্থিতি নিয়মিত সংবাদে প্রচার।

## ৬.৩। প্রকৌশল শাখা

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি যথাযথ শ্রদ্ধা প্রদর্শন এবং মুক্তিযুদ্ধের চেতনা উজ্জীবনের ধাপ সুগম হয়েছে। ০৫ (পাঁচ) টি ভাষায় পৃথিবীর বিভিন্ন দেশে অনুষ্ঠান সম্প্রচারের মাধ্যমে আন্তর্জাতিক সম্পর্ক এবং সংস্কৃতি বিনিময় নিশ্চিত করা হচ্ছে। দেশব্যাপী এফএম ট্রান্সমিটার স্থাপনের মাধ্যমে দারিদ্র বিমোচন, জন্মনিয়ন্ত্রণ, কৃষি এবং সরকারের উন্নয়নমূলক কর্মকান্ড জনগণের দোরগোড়ায় পৌছানো সম্ভব হয়েছে। নতুন সংস্থাপিত আধুনিক প্রযুক্তির ট্রান্সমিটারের মাধ্যমে মানসম্পন্ন অনুষ্ঠান সম্প্রচার এবং কভারেজ বৃদ্ধি পেয়েছে। বাংলাদেশ বেতারের সদর দপ্তর শাহাবাগ থেকে আগারগাঁও স্থানান্তর এবং ১৯ টি ইভেন্ট সম্বলিত জাতির পিতার ব্রোঞ্জ ম্যুরাল নির্মাণ, দেশের অধিকাংশ এলাকায় মান সম্পন্ন বেতার অনুষ্ঠান সম্প্রচারের মাধ্যমে শ্রোতাদের উন্নত জাতি গঠনমূলক কর্মকান্ড এবং অন্যান্য উন্নয়নমূলক কর্মকান্ডে অংশ গ্রহণ নিশ্চিতকরণ। ডিএসএনজি ভ্যানের মাধ্যমে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধান মন্ত্রীর বিভিন্ন অনুষ্ঠান সভাস্থল থেকে সরাসরি সাটেলাইটে প্রেরণ এবং দেশব্যাপী তাৎক্ষনিক সম্প্রচার করা সম্ভব হচ্ছে। আকর্ষণীয় ও উচ্চ কারিগরী মান সম্পান্ন বেতার অনুষ্ঠান সম্প্রচার নিশ্চিতকরণ, আকর্ষণীয় ও উচ্চ কারিগরী মান সম্পন্ন বেতার অনুষ্ঠান সম্প্রচার নিশ্চিতকরণ। দেশব্যাপী মান সম্পন্ন বেতার অনুষ্ঠান সম্প্রচারের মাধ্যমে শ্রোতাদের জাতি গঠনমূলক কর্মকান্ড এবং অন্যান্য উন্নয়নমূলক কর্মকান্ডে অংশ গ্রহণ নিশ্চিত হয়েছে।**



"বাংলাদেশ বেতার, শাহবাগ কমপ্লেক্স আগারগাঁও, ঢাকায় স্থানান্তর, নির্মাণ ও আধুনিকায়ন (১ম পর্যায়) (৪র্থ সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত বঙ্গবন্ধুর ম্যুরাল (মেয়াদ: ০১/০৭/২০১২-৩০/০৬/২০২৩।

| ২০২২-২৩ অর্থবছরে প্রকৌশল শাখা কর্তৃক বাস্তবায়িত উন্নয়নমূলক কার্যক্রমের ছবি | | |
|---|---|---|
| ০১. | **বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্প। (মেয়াদ: ২০১৮-জুন/২০২৩)।** |   |
| ০২. | **"বাংলাদেশ বেতার, চট্টগ্রাম কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প (মেয়াদ: ২০২১-জুলাই-জুন/২০২৪)।** |  |
| **০৩.** | ময়মনসিংহ ও গোপালগঞ্জ দু'টি স্বয়ংসম্পূর্ণ ১০ কিলোওয়াট এফ এম বেতার কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্প (মেয়াদ: ২০২১-জুলাই-জুন/২০২৪)। |     |

## ৭। বিশেষ গুরুত্বপূর্ণ কাজের স্বীকৃতি স্বরূপ প্রাপ্ত পুরস্কার

### জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ বেতারের কাজের স্বীকৃতি/পুরস্কার/অর্জন

| | |
|---|---|
| 1. | 2023: Ekuhey Padak-2023 (Arts -Music- Mr. Fazal-e-Khuda) |
| 2. | 2022: NIMC Award |
| 3. | 2021: PBI-A2I massmedia prize-2021 (Md. Mustafijur Rahman, Deputy Director) |
| 4. | 2021: UNICEF Best listeners Facilitator Award for Creating Awareness among mass people about Covid-19 |
| 5. | 2020: UNICEF Best Covid Responder for Broadcasting Awareness programmes about Covid-19 for the mass people |
| 6. | 2020: Migration media Award-2019 (24 December 2020) Md. Mustafijur Rahman |
| 7. | 2019: special contribution is keeping special prize on the elderly service activities. Md. Mustafijur Rahman, Deputy Director- Momotamoy prize |
| 8. | 2019: Bangladesh Betar Prize-2019. (shishutei shishu nei) Md. Mustafijur Rahman |
| 9. | 2019: Bangladesh Betar Prize-2019 (‘333’ information and service always anywhere, Md. Mustafijur Rahman. |
| 10. | 2019: Bangladesh Betar Prize-2019 (norier ak dorier golpo) Md. Mustafijur Rahman |
| 11. | 2019: Bangladesh Betar Prize (creative programme production) Md. Forid Uddin. |
| 12. | 2018: PIB-A2I Massmedia prize-2018, Md. Mustafijur Rahman |
| 13. | 2018: Brac migration media award-2018, Md. Mustafijur Rahman. |
| 14. | 2018: World population day prize- 2018, Md. Mamun Akther. |
| 15. | 2018: Digital innovative fair-2018, Bangladesh Betar, Rangpur. |
| 16. | 2017: Digital innovative fair-2017, Bangladesh Betar, Rangpur. |
| 17. | 2016: Family planning media award-2016, Md. Mustafijur Rahman |
| 18. | 2016: Brac migration media award-2016, Mustafijur Rahman. |
| 19. | 2016: Mina media award-2016, Mustafijur Rahman. |
| 20. | 2016: Digital innovative fair-2016, Bangladesh Betar, Rangpur. |
| 21. | 2015: Digital innovative fair-2015, Bangladesh Betar, Rangpur. |
| 22. | 2014: Digital innovative fair-2014, Bangladesh Betar, Rangpur. |
| 23. | 2014: ABU Special Jury Award for Interactive Programme named: 'A Passage to Knowledge', Producer: Md Fakrul Karim. |
| 24. | 2014: Award for Best Report on Anti-drug-2014 organized by Prothom Alo, ABM Rafiqul Islam |
| 25. | 2014:UNFPA Family Planning Media Award (Population Control), Producer-Mohammad Jalilul Haque |
| 26. | 2014: Bangla Academy Literary Award for Research: Probhangshu Tripura. |
| 27. | 2013: Mina media award-2013, Md. Mustafijur Rahman. |
| 28. | 2013: ABU Special Commended Award for Drama Named "The Rising Sun", Writer and Producer: Md. Fakrul Karim |

| | |
|---|---|
| 29. | 2013: Mayor medal-2013 on Shwadhinota O Muktijuddho, Khulna city corporation, Bangladesh Betar, Khulna. |
| 30. | 2013: Information fair-2013, Bangladesh Betar, Khulna. |
| 31. | 2012: Special jurry award-2012(ABID), Md. Mustafijur Rahman, Special Jurry. |
| 32. | 2012: AIBD- Best Radio Award for Documentary Programme named ‘Promoting the Green Technology & Sustinable Energy’, Producer: Md. Mustafizur Rahman. |
| 33. | 2012: ABU Special Jurry Prize for Documentary Programme Named 'Thorns on the Way', Producer: Md. Mustafijur Rahman. |
| 34. | 2012: Family Planning Media Award offered by UNFPA, Producer: Md. Rokonuzzaman |
| 35. | 2012: Meena Media Award by UNICEF on Creative Works in Radio, Producer: Md. Rokonuzzaman |
| 36. | 2012: Meena Media Award offered by UNICEF on Creative Works in Radio, Producer: Shahin Akhter |
| 37. | 2012: Commonwealth Broadcasting Association (CBA) Award on HIV/AIDS: Nasrullah Md. Irfan. |
| 38. | 2012: Rainhard Cunis Memorial Award-2012-AIBD, Md. Mustafijur Rahman. |
| 39. | 2011: Mina media award- 2011, Md. Mustafijur Rahman. |
| 40. | 2011: Meena Media Award for Documentary (Creative Category, Radio) by UNICEF, Producer: Md. Mustafijur Rahman. |
| 41. | 2011: Meena Media Award by UNICEF Creative works in Radio (Documentary). Producer: Md. Fakrul Karim. |
| 42. | 2011: Progga-PIB Tobacco Control Journalism Award (Best Radio Reporting) (Producer: Shyamol Kumar Das) |
| 43. | 2011: National Family Planning Media Award (Producer: Mohammad Jalilul Haque) |
| 44. | 2011: Human rights of international violance against women resistance fair-2011, Bangladesh Betar, Khulna. |
| 45. | 2011: National Family Planning Media Award (Md. Abdul Haque) |
| 46. | 2008 : ABU Prize –Special Jury Prize for Documentary on Human Trafficking Titled –‘A tale of a helpless damsel’, Producer: Netai Kumer Bhattacharjee |
| 47. | 2008 : Living On Insecure Ground-The Fight Against Natures Power Documentary – ‘Gold World Medal’ (Producer: Dhawan Md.Ahsan Habib) |
| 48. | 2008 : UNFPA Media Award (First Prise-Md.Abdul Matin; Second Prize-Begum Touhida Chowdhury ; Third Prize- Md. Abdul Hoque) |
| 49. | 2007 : ABU Special Recommendation 2007 for environment based Documentary ‘Save Our Earth’ (Producer: Shahanaz Begum) |
| 50. | 2007 : ABU Special Jury Prize 2007 for infotainment Programme titled based Documentary ‘Sankhagatha’(Producer : Akhter Jahan Dolon ) |

| | |
|---|---|
| 51. | 2007 : UNFPA Media Award :Adolescence Reproductive Health (Salauddin Ahmed) |
| 52. | 2006 : CBA Award For Science Reporting-Special Commendation (Producer : Sheikh Muhammad Refat Ali) |
| 53. | 2006 : Elizabeth R. Award for Outstanding Contribution to Public Service Broadcasting (Md. Abdur Rouf) |
| 54. | 2006 : 'Shadinota Puruskar' for Outstanding Contribution in The War of Liberation (Bangladesh Betar) |
| 55. | 2005 : UNPFA Media Award for securing first position in reporting on population, Reproductive Health and Gender Issue in Bangladesh |
| 56. | 2005 : UNFPA Award for Documentary Programme on HIV/AIDS |
| 57. | 2005 : ABU Prize-Special Commendation for Documentary (Producer: Md.Monowor Hossain Khan) |
| 58. | 2005 : Highly Commendation for IBC Award for cost Effective Engineering From CBA (Ahmed Quamruzzaman) |
| 59. | 2003 : UNFPA Media Award: Safe Motherhood (Md.Abdul Hoque) |
| 60. | 2002 : ABU Prize for Documentary (Producer: Mohammad Samsul Haque) |
| 61. | 2001: Rolls-Royce For Innovation In Broadcasting Management From CBA (Producer: Faroha Suhrawardy) |
| 62. | 2000: Highly Commended for the Elizabeth R.Award (Producer :Shaikh Muhammad Refat Ali) |
| 63. | 1999 : ABU Prize for Documentary on 'Water Crisis in Waterland'-(Producer : SM Abul Hossain) |
| 64. | 1995 : ABU Prize for Docu-Drama (Producer: A K Jahedul Haque) |
| 65. | 1989 : ABU Prize for External Broadcast Programmes For Magazine Programme "Panaroma"(Producer : Mobarak Hossain Khan) |
| 66. | 1987 : ABU Prize for Travel Documentary (producer : Shameema Khan) |
| 67. | 1987 : ABU Prize for Musical sketch (Producer: Dilruba Khan) |
| 68. | 1987 : Japan Prize for Documentary on Environment (Producer :Rafiqul Hasan) |
| 69. | 1986: ABU Engineering Prize 1985-86 for aerial system for Higher power Shortwave Transmitter, M.A.Rashid And M.A.H Bhuiyan) |
| 70. | 1985 : ABU Prize For Musical Sketch (Producer :Nabidur Rahman) |
| 71. | 1985 : AIBD Prize for Drama (Producer :Kazi Mahmudur Rahman) |
| 72. | 1984 : Ballad of a Frog-programme for popularization of science jointly organised by Canadian Broadcasting Corporation and AIBD, Kazi Mahmudur Rahman. |
| 73. | 1984 : ABU Engineering Prize 1983-84 for Calculation of HF Field Strength Using a Pocket Calculator, M.A.Rashid and Dr.C.S Rao |
| 74. | 1982: ABU Prize for Musical Sketch, Producer :Md.Abdur Rouf. |
| 75. | 1982 : ABU Prize for Children Programme (Producer-Firoz Islam) |

## ৮। উপসংহার

বাংলাদেশ বেতার দেশের সর্ববৃহৎ ও সর্বপ্রাচীন গণমাধ্যম; যা দেশের গোটা ভৌগোলিক এলাকার শতভাগ জনগোষ্ঠিকেই কভারেজ দিচ্ছে। শিক্ষা, তথ্য ও বিনোদনমূলক নানাবিধ অনুষ্ঠানের মাধ্যমে বেতার দেশের আর্থ-সামাজিক উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমান পরিবর্তিত সময়ে অসংখ্য গণমাধ্যমের ভিড়ে বাংলাদেশ বেতারের অবদান অনেকের নিকট প্রশ্নবিদ্ধ। সমাজের সকল শ্রেণির জনগোষ্ঠীর জন্য সরকারি সকল সেবা-সুবিধা নিশ্চিত করার বিষয়টি যে কোন সরকারের জন্য বড় ধরণের চ্যালেঞ্জ; এ সকল সেবা গ্রহণে সমাজের পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে আগ্রহী ও অভ্যস্থ করে তোলা আরো বড় ধরণের চ্যালেঞ্জ। আর এই চ্যালেঞ্জ মোকাবেলায় সংশ্লিষ্ট সেবাপ্রার্থীদের সচেতন করার মাধ্যমে ক্ষমতায়িত করা এবং সেবা গ্রহণে আগ্রহী ও অভ্যস্থ করে তোলার লক্ষ্যে বাংলাদেশ বেতার নিরন্তর উদ্বুদ্ধকরণমূলক প্রচারণা ও  প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আর এ সংক্রান্ত প্রচারণামূলক অনুষ্ঠানসমূহে জনগণের যে স্বতঃস্ফূর্ত সাড়া পাওয়া যায় তা অনুষ্ঠানে জাতীয় উন্নয়নে বাংলাদেশ বেতারের ভূমিকাকে নতুনভাবে পরিচয় করিয়ে দেয়।

বাংলাদেশ বেতার নিয়মিত অনুষ্ঠানমালার সাথে সাথে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর রাষ্ট্রীয় অনুষ্ঠানসহ বিভিন্ন অনুষ্ঠানে দেয়া ভাষণ ও অনুষ্ঠানের কার্যক্রম, মাননীয় স্পীকার, মাননীয় মন্ত্রীবর্গ ও প্রতিমন্ত্রীবর্গের বক্তব্য ও আলোচনাসহ সামাজিক ও রাষ্ট্রীয় কার্যক্রম, জাতীয় সংসদের প্রতিদিনকার সবগুলি অধিবেশনের কার্যক্রম সরাসরি প্রচার কিম্বা ধারণ করে প্রচার করে থাকে। সার্ক অডিও-ভিজ্যুয়াল এক্সচেঞ্জ প্রোগ্রাম (SAVE) এর আওতায় বাংলাদেশ বেতার দক্ষিণ এশিয়ার দেশগুলির সাথে নিয়মিত অনুষ্ঠান বিনিময় এবং প্রচার করে থাকে। নিরাপদ সড়ক ব্যবস্থা ও ঢাকার যানজট নিরসনে প্রতিদিন ঢাকা থেকে এফ, এম ৮৮.৮ মেগাহার্জে ট্রাফিক সম্প্রচার কার্যক্রমের অনুষ্ঠান প্রচারিত হচ্ছে। বাংলাদেশ ক্রিকেট ও ফুটবল দলের দেশে-বিদেশে অনুষ্ঠিত আনন্তর্জাতিক মানের অধিকাংশ টুর্নামেন্টের প্রায় সকল ম্যাচের ধারা-বিবরণী বাংলাদেশ বেতার প্রচার করে থাকে। প্রতি ঘন্টায় সংবাদ বুলেটিনসমূহের আঙ্গিক, বিষয়বস্তু এবং উপস্থাপনায় শ্রোতার চাহিদা অনুযায়ী পরিবর্তন করে সাধিত হচ্ছে। সংবাদ পাঠক নিয়োগ, তাদের শ্রেণি উন্নীতকরণ এবং সকল সস্তরের কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ সংবাদের মানকে উন্নত করেছে।

বাংলাদেশ বেতারের হারিয়ে যাওয়া গৌরব পুনরায় ফিরিয়ে আনা এবং দেশের আনাচে-কানাচে বেতারের অনুষ্ঠান পৌঁছে দেয়ার জন্য বর্তমানে তরঙ্গ সম্প্রচারের পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমে ফেইসবুক ও ইউটিউবে এবং ওয়েবসাইটে অনলাইন স্ট্রিমিং ও মোবাইল অ্যাপসের মাধ্যমে বাংলাদেশ বেতারের সকল কেন্দ্রের অনুষ্ঠান প্রচার করা হচ্ছে। চতুর্থ শিল্প বিপ্লবের বিবর্তনের ধারায় ভার্চুয়াল প্ল্যাটফর্মে নিউ মিডিয়াতে শ্রোতার চাহিদা অনুসারে বাংলাদেশ বেতারের অনুষ্ঠান ও সংবাদ প্রচার করা হচ্ছে। এর ফলে অডিও কন্টেন্টের পাশাপাশি মানসম্পন্ন প্রচারণামূলক অডিও-ভিজ্যুয়াল অনুষ্ঠান নির্মাণ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে শ্রোতাদেরকে বেতারের সাথে আরো সম্পৃক্ত করা সম্ভব হচ্ছে। তথ্য প্রযুক্তির যুগে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেইসবুক পেইজ ও ইউটিউবের মাধ্যমে অনুষ্ঠান প্রচার করার ফলে শ্রোতাদের মধ্যে ব্যাপক সাড়া পড়েছে। সকল আঞ্চলিক কেন্দ্র ও ইউনিটসমূহ থেকে প্রচারিত অনুষ্ঠান ও সংবাদ কার্যকরভাবে শ্রোতাদের হাতের মুঠোয় পৌঁছে দেয়ার লক্ষ্যে বেতারের ৩৬টি ফেইসবুক পেইজ ও ৩৪টি ইউটিউব চ্যানেলকে জনপ্রিয় করার জন্য গ্রহণ করা হচ্ছে নানা উদ্যোগ। প্রতিটি কেন্দ্র ও ইউনিটের ফেইসবুক পেইজ ও ইউটিউব চ্যানেলে বেতার থেকে সরাসরি সম্প্রচারকৃত বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত সকল ভাষণ ও সংবাদ সম্মেলন একযোগে প্রচারিত হওয়ায় দেশবাসীর কাছে তা মুহূর্তেই পৌঁছে যাচ্ছে।

# পরিশিষ্ট ক: ২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন প্রতিবেদন

১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর বাস্তবায়ন প্রতিবেদন

২। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন

৩। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন

৪। অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন

৫। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন

৬। তথ্য অধিকার আইন বাস্তবায়ন কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রতিবেদন